সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

ফোন : ০৩৭১-৬২১৪৯ ফ্যাক্স : ০৩৭১-৬২৬১০

website: www.knsikhagrachari.gov.bd

স্মারক নং: ৪৩.৩৪.৪৬.০০.০৬.১০.১৪ তারিখ: ২৪/১০/২০১৮খ্রি:

প্রাপক

সচিব
সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মনোযোগ: জনাব টি এম মুছা তালুকদার
সহকারী সচিব
সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: ২০১৭-১৮ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গো।

সূত্র: ৪৩.০০.০০০০.১১১.১৬.০২৯.১৫.১৮.২৩৭ তারিখ: ১৮ অক্টোবর ২০১৮খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি এর ২০১৭-১৮ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রস্তুত পূর্বক মহোদয়ের সমীপে প্রেরণ করা হল। উল্লেখ্য যে, উক্ত প্রতিবেদনটি হার্ড কপি ও সফট কপি (ওয়ার্ড ফাইল) মেইলযোগেও প্রেরণ করা হল।

**সংযুক্তি:**

১। ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন – ৪ পাতা।

(সুর্সময় চাকমা)
উপপরিচালক
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
মোবাইল: ০১৫৫-৬৪৪০১৩৬
email: knsikhagrachari@gmail.com

## ভূমিকা:

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন একটি স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠান। খাগড়াছড়ি পার্বত্য জেলার ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতি ঐতিহ্য সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে প্রতিষ্ঠিত।

## ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনষ্টিটিউট, খাগড়াছড়ির কার্যাবলী নিম্নরূপ:

১. প্রত্যেক ক্ষুদ্র নৃগোষ্ঠীর ইতিহাস, সামাজিক ও সাংস্কৃতিক ঐতিহ্য তথা ভাষা, সাহিত্য, নৃত্য-সংগীত,কারুশিল্প, ধর্ম, আচার-অনুষ্ঠান, রীতি-নীতি, প্রথা, সংস্কার ইত্যাদি বিষয়ে তথ্য উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও গবেষণা কর্মসূচী পরিচালনা করা।

২.ইতিহাস ঐতিহ্য সমাজ ও সংস্কৃতি নিয়ে সেমিনার, সম্মেলন ও প্রদর্শনীয় আয়োজন এবং সে সব বিষয়ে সংগৃহিত পান্ডুলিপি/পুস্তক প্রকাশনা ও প্রামাণ্যচিত্র ধারন ও প্রচার।

৩. জাতীয় সংস্কৃতির মূলস্রোত ধারার সাথে সম্পৃক্ত করার লক্ষ্যে বিভিন্ন জাতীয় দিবস ও উৎসব উদযাপন এবং স্থানীয় শিল্পীদের রাষ্ট্রীয় অনুষ্ঠানের অংশগ্রহণের ব্যবস্থা।

৪. ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্যবাহী উৎসবসহ সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রতিযোগীতার আয়োজন।

৫. ভাষা, সাহিত্য, সংগীত, নৃত্য, নাটক.ও চারূকলার বিষয়ে প্রশিক্ষণ উন্নয়ন কার্যক্রম পরিচালনা।

### ২০১৭-১৮ অর্থবছরের কার্যাবলী:

### প্রশিক্ষণ:

প্রশিক্ষণে দুই ধরনের প্রশিক্ষণ আয়োজন করা হয়। যথা- ১। নিয়মিতি প্রশিক্ষণ ও ২। বিশেষ প্রশিক্ষণ।

১। নিয়মিত প্রশিক্ষণ:

এ প্রশিক্ষণে সাধারণ সংগীত কোর্সের আওতায় ৫৬ জন, উপজাতীয় সংগীতে ২০ জন, নাটক কোর্সের আওতায় ২০ জন ,বাদ্যযন্ত্র (তবলা) কোর্সের আওতায় ২০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

২। বিশেষ প্রশিক্ষণ:

(ক) এ প্রশিক্ষণ কোর্সের আওতায় সংগীতে ৪০ জন, নাটকে ২০ জন এবং বাদ্যযন্ত্রে (তবলা) ২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়।



উচ্চতর নাটক প্রশিক্ষণের দৃশ্য

(খ) পিটিআই এ প্রশিক্ষণরত শিক্ষক-শিক্ষীকাদেরকে নিজ নিজ মাতৃভাষায় শিশুদের শিক্ষাদানের উদ্দেশ্যে মাতৃভাষা প্রশিক্ষণ আয়োজন করা হয়। এতে চাকমা ভাষা ৩০ জন, মারমা ভাষা ৩০ জন ও ককবরক (ত্রিপুরা) ভাষায় ৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ফোন : ০৩৭১-৬২১৪৯ ফ্যাক্স : ০৩৭১-৬২৬১০
website: www.knsikhagrachari.gov.bd

## সেমিনার:

"খাগড়াছড়ি জেলার ক্ষুদ্র নৃগোষ্ঠীদের মাতৃভাষায় শিক্ষা, সমস্যা ও সম্ভাবনা" শীর্ষক সেমিনার আয়োজন করা হয়। এতে মূল প্রবন্ধকার ১ জন, আলোচক ৩ জন ও ১৩৪ জন অংশগ্রহণ করেন।



"খাগড়াছড়ি জেলার ক্ষুদ্র নৃগোষ্ঠীদের মাতৃভাষায় শিক্ষা, সমস্যা ও সম্ভাবনা" শীর্ষক সেমিনার-২০১৮খ্রি:

## সাংস্কৃতিক উৎসব:

(ক) বৈসাবি উৎসব:


জেলা সদরে অত্র ইনস্টিটিউট প্রাঙ্গনে ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্যবাহী উৎসব "বৈসু, সাংগ্রাই ও বিজু উৎসব-২০১৮" আয়োজন করা হয়। এতে বিভিন্ন খেলা-ধুলা ও আয়োজন করা হয়। যেমন: বেইন বুনন, পাজন রান্না, ঘিলে খেলা, সুতা কাটা, চিত্রাংকন, প্রতিযোগীতার আয়োজন করা হয় এবং প্রতিযোগীদের পুরস্কার প্রদান করা হয়। তাছাড়াও তিন দিন ব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।



বৈসু, সাংগ্রাই ও বিজু উৎসব-২০১৮খ্রি: এ বেইন বুনন প্রতিযোগীতা

## (খ) বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগীতা:

উদীয়মান শিল্পীদের উৎসাহ প্রদানের লক্ষ্যে স্থানীয় শিল্পীদের অংশগ্রহণে অত্র ইনস্টিটিউটের অডিটরিয়ামে বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগীতা আয়োজন করা হয়। এতে স্ব স্ব ভাষায় (চাকমা, মারমা, ত্রিপুরা ও বাংলা) সংগীত এবং নিজস্ব ঐতিহ্যবাহী পোশাকে নৃত্য প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়।




বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগীতা-২০১৮খ্রি:

## দিবস উদযাপন:

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট,. খাগড়াছড়ি জেলা প্রশাসক কার্যালয় এ পার্বত্য জেলা পরিষদের সমন্বয়ে জাতীয় ও আর্ন্তজাতিক দিবস উদযাপন করা হয়। যেমন- মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস, মহান স্বাধীনতা দিবস, জাতীয় শিশু দিবস, জাতীয় শোক দিবস ও মহান বিজয় দিবসসহ বিভিন্ন জাতীয় ও আর্ন্তজাতিক দিবস উদযাপন করা হয়। ২১শে ফেব্রুয়ারী আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উৎযাপনসহ চিত্রাংকন, কবিতা আবৃতি, স্ব স্ব মাতৃভাষায় সুন্দর হস্তাক্ষর প্রতিযোগীতার আয়োজন করা হয়।




শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৮খ্রি: প্রভাতফেরি



২১শে ফেব্রুয়ারী ২০১৮খ্রি: চিত্রাংকন প্রতিযোগীতা

## লাইব্রেরী


ক্ষুদ্র নৃগোষ্ঠীসমূহের বিষয়ে বিভিন্ন গবেষণা, গল্প, উপন্যাস, প্রতিবেদন ইত্যাদি নানান বিষয়ের উপর বই লাইব্রেরীতে বই রয়েছে। সাধারণ পাঠকদের জন্য দেশের এবং বিদেশে বরণ্যে লেখকদের প্রায় ৪৫০০ বই সংগ্রহ করা হয়েছে।



বুক সেলফ

## ওয়েব সাইট চালু

ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি উদ্যোগে www.knsikhagrachari.portal.gov.bd নামে একটি নিজস্ব ওয়েব সাইট চালু করা হয়।



ওয়েব সাইটের ছবি

## ২০১৮-১৯ অর্থবছরের কর্মপরিকল্পনা:

- নৃত্য, সংগীত, তবলা ও নাটক ( নিয়মিত প্রশিক্ষণ কোর্স) প্রশিক্ষনের আয়োজন করা।
- নৃত্য, সংগীত, তবলা ও নাটক ( বিশেষ প্রশিক্ষণ পক্ষকালব্যাপী কোর্স) প্রশিক্ষনের আয়োজন করা।
- চাকমা, মারমা ও ককবরক ভাষা মাতৃভাষা প্রশিক্ষণের আয়োজন করা।
- ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংগীত ও সংস্কৃতি উন্নয়ন সম্পর্কিত সেমিনার আয়োজন করা।
- খাগড়াছড়ি জেলাধীন উদীয়মান শিল্পীদের নিয়ে বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগীতা আয়োজন করা এবং নির্বাচিত শিল্পীদের পুরস্কৃতক্ষুদ্র নৃগোষ্ঠীদের ঐতিহ্যবাহী উৎসব বৈসু, সাংগ্রাই ,বিজু (বৈসাবি) উৎসব আয়োজন করা।
- খাগড়াছড়ি ক্ষুদ্র নৃংগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট এর আবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় লাইব্রেরী এবং রেকডিং ভবন কাম ডরমেন্টরী নির্মানকাজ বাস্তবায়ন করা ।

## উপসংহার

জাতীয় সংস্কৃতি উন্নয়নে ক্ষুদ্র নৃগোষ্ঠীর অবদান অনস্বীকার্য। সেই লক্ষে সামনে রেখেই সরকারের প্রত্যক্ষ সহযোগীতায় ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি তাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

২৫/০৭/২০১৮